

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০৯

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪১. নিহত কাফিরের মালামাল তার হস্তাকে দেওয়া।

باب فِي السَّلَبِ يُعْطَى الْقَاتِلُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَة، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَئِذٍ _ يَعْنِي يَوْمَ حُنَيْنٍ _ عَنْ قَتَلَ كَافِرًا فَلَهُ سَلَبُهُ ". فَقَتَلَ أَبُو طَلْحَةَ يَوْمَئِذٍ عِشْرِينَ رَجُلاً وَأَخَذَ أَسْلاَبَهُمْ وَلَقِي أَبُو طَلْحَةَ أُمَّ سُلَيْمٍ وَمَعَهَا خِنْجَرٌ فَقَالَ يَا أُمَّ سُلَيْمٍ مَا هَذَا مَعَكِ قَالَت أَرُدْت وَاللَّهِ وَلَقِي أَبُو طَلْحَة رَسُولَ اللَّهِ صلى الله عليه إِنْ دَنَا مِنِي بَعْضُهُمْ أَبْعَجُ بِهِ بَطْنَهُ . فَأَخْبَرَ بِذَلِكَ أَبُو طَلْحَةَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو دَاؤُدَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . قَالَ أَبُو دَاؤُدَ أَرَدْنَا بِهِذَا الْخِنْجَرَ وَكَانَ سِلاَحَ الْعَجَم يَوْمَئِذٍ الْخِنْجَرُ وَكَانَ سِلاَحَ الْعَجَم يَوْمَئِذٍ الْخِنْجَرُ .

বাংলা

২৭০৯. মূসা ইবন ইসমাঈল (রহঃ) আনাস ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ হুনায়নের যুদ্ধের দিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে মুসলিম কোন কাফিরকে হত্যা করবে, সে সেই নিহত ব্যক্তির পরিত্যক্ত মালের অধিকারী হবে। সেদিন আবূ তালহা (রাঃ) বিশজন কাফিরকে হত্যা করেন এবং তাদের মালামাল লাভ করেন।

অতঃপর আবৃ তালহা (রাঃ) উম্মু সুলাইমের সাথে দেখা করেন, যখন তার হাতে একটি খঞ্জর ছিল। তখন তিনি বলেনঃ হে উম্মু সুলাইম! তোমার সাথে এটা কি? সে বললঃ আল্লার শপথ, আমি তো ইরদা করছি যে, যদি তাদের (কাফিরদের) কেউ আমার নিকটবর্তী হয়, তবে এদিয়ে আমি তার পেট ফেড়ে ফেলব। অতঃপর আবৃ তালহা (রাঃ) এ খবরটি রাসূলূল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেন।

আবূ দাউদ (রহঃ) বলেনঃ এ হাদিছটি হাসান। আবূ দাউদ (রহঃ) বলেনঃ আমরা এর দ্বারা খঞ্জর অর্থ নিয়েছি। কেননা, এসময় 'আজমীরদের হাতিয়ার ছিল খঞ্জর।



English

Anas reported the Apostle of Allaah() as saying "He who kills and infidel gets his spoil." Abu Talhah killed twenty men that day meaning the day of Hunain and got their spoils. Abu Talhah met Umm Sulaim who had a dagger with her. He asked "What is with you, Umm Sulaim"? She replied "I swear by Allaah, I intended that if anyone came near me I would pierce his belly with it. Abu Talhah informed the Apostle of Allaah() about it.

Abu Dawud said "This is good (hasan) tradition."

Abu Dawud said "By this was meant dagger. The weapon used by the Non – Arabs in those days was dagger."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন